

বিজ্ঞপ্তি নম্বর: ৩২২

তারিখ: ১০/৬/১৮

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) রেজিস্ট্রেশনের আবেদন ফরম আগামী ১০/০৬/২০১৮ তারিখ হতে ১০/০৭/২০১৮ তারিখ পর্যন্ত অনলাইনে ফরম ডাউন লোড করে (শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন ব্যতিত)= ১৮০০/- (এক হাজার আটশত) টাকা মাত্র জনতা ব্যাংক বুথ শাখায় জমা দিয়ে নিম্নবর্ণিত কাগজপত্রসহ সংশ্লিষ্ট কমিটির জমা দেয়ার জন্য বলা হলো।

১। রেজিস্ট্রেশনের যোগ্যতাঃ

- ক) এ ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০৪ থেকে ২০১৬ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় উত্তীর্ণ অথবা চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে এবং ভর্তিচ্ছু বিষয়ে (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪০% নম্বর অথবা সিজিপিএ পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে।
- খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট কোর্স (৪০০ নম্বর সম্বলিত) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা উক্ত প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- গ) উল্লেখ্য যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষে প্রণীত মাস্টার্স ১ম পর্বের পুরাতন সিলেবাস অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে।
- ঘ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।
- ঙ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিদ্রমে আবেদন করতে পারবে।
- চ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থী ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এছাড়াও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য যে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০২। কারমাইকেল কলেজ, রংপুর- এর জন্য নির্ধারিত বিষয় সমূহ:

বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামি শিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা।

৩। পূরণকৃত আবেদন ফরমের প্রিন্টকপির সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করে কলেজে জমা দিতে হবেঃ

ক) স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি।

সংশ্লিষ্ট কলেজে প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) জন শিক্ষার্থীর আবেদন অনলাইন থেকে ফরম ডাউনলোড করতে পারবেন।

স্মারক নম্বরঃ

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলোঃ

১. উপাধ্যক্ষ, এই কলেজ।
২. ম্যানেজার, জনতা ব্যাংক লালবাগ বাজার শাখা, রংপুর।
৩. কলেজ নোটিশ বোর্ড
৪. সংরক্ষণ নথি।

অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর।
তারিখঃ

অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর।

১০/৬/১৮